

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ৭, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ: ০৫ মে ২০১৮খ্রি:

**বিষয়ঃ উৎস দেশ নির্বিশেষে পণ্যের ন্যূনতম শুল্কমূল্য যৌক্তিকীকরণের উদ্দেশ্যে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে কমিটি গঠন।**

**নং-০১/২০১৮ (কাস্টমস ভ্যালুয়েশন)**—২০১৮-১৯ অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্তিসহ অর্থবছরের অন্যান্য সময়ে দেশীয় শিল্পের প্রতিরক্ষণ, বিলাস পণ্য, সামাজিকভাবে অনভিপ্রেত পণ্যসহ উচ্চ শুল্ক কর হার সম্পন্ন পণ্যের উৎস দেশ নির্বিশেষে যৌক্তিক ন্যূনতম শুল্ক মূল্য নির্ধারণের সুপারিশ প্রণয়নের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

| ক্রঃ নং | পদবি   | অবস্থান    |
|---------|--|------------|
| ১।      | কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট                                     | আহ্বায়ক   |
| ২।      | প্রথম সচিব (শুল্ক মূল্যায়ন), জাতীয় রাজস্ব বোর্ড  | সদস্য-সচিব |
| ৩।      | শিল্প মন্ত্রণালয়ের ১ (এক) জন প্রতিনিধি  | সদস্য      |
| ৪।      | বাণিজ্য মন্ত্রণালয়ের ১ (এক) জন প্রতিনিধি  | সদস্য      |
| ৫।      | বাংলাদেশ ট্যারিফ কমিশনের ১ (এক) জন প্রতিনিধি   | সদস্য      |
| ৬।      | বাংলাদেশ ইনভেস্টমেন্ট ডেভলপমেন্ট অথরিটি-এর ১ (এক) জন প্রতিনিধি                               | সদস্য      |
| ৭।      | ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রিজ (FBCCI) এর ১ (এক) জন প্রতিনিধি | সদস্য      |
| ৮।      | মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রিজ (MCCI) এর ১ (এক) জন প্রতিনিধি             | সদস্য      |

( ৫৩১৯ )

মূল্য : টাকা ৪.০০

| ক্রঃ নং | পদবি   | অবস্থান |
|---------|--|---------|
| ৯।      | ফরেন ইনভেস্টরস চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রিজ (FICCI) এর ১ (এক) জন প্রতিনিধি                         | সদস্য   |
| ১০।     | বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (BCI) এর ১ (এক) জন প্রতিনিধি  | সদস্য   |
| ১১।     | দেশীয় উৎপাদনকারী প্রতিষ্ঠান সংশ্লিষ্ট শিল্প সমিতি এবং/অথবা সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের ১ (এক) জন প্রতিনিধি | সদস্য   |
| ১২।     | মূল্য যৌক্তিকীকরণের বিষয়ে আবেদনকারী প্রতিষ্ঠানের ১ (এক) জন প্রতিনিধি  | সদস্য   |
| ১৩।     | সংশ্লিষ্ট পণ্যের বাণিজ্যিক আমদানিকারকগণের এসোসিয়েশন/সমিতির ১ (এক) জন প্রতিনিধি                              | সদস্য   |
| ১৪।     | দ্বিতীয় সচিব (শুল্ক মূল্যায়ন), জাতীয় রাজস্ব বোর্ড   | সদস্য   |

২। উক্ত কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবে:

- (১) কমিটি জাতীয় রাজস্ব বোর্ডের ন্যূনতম শুল্ক মূল্য নির্ধারণ বিষয়ক বিদ্যমান প্রজ্ঞাপন পর্যালোচনা করে ২০১৮-১৯ অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্তিসহ অর্থবছরের অন্যান্য সময়ে উৎস দেশ নির্বিশেষে
  - (ক) উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত পণ্যের ন্যূনতম শুল্ক মূল্যের যথার্থতা যাচাইপূর্বক বিদ্যমান ন্যূনতম শুল্ক মূল্য সংশোধনের সুপারিশ করবে;
  - (খ) উক্ত প্রজ্ঞাপনে অন্তর্ভুক্তিযোগ্য পণ্যের ন্যূনতম শুল্ক মূল্য নির্ধারণ এবং/অথবা উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত পণ্যের ন্যূনতম শুল্ক মূল্য প্রত্যাহার করার সুপারিশ করবে; এবং
  - (গ) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এই বিষয়ে উপস্থাপিত আবেদন/প্রস্তাবনার উপর ন্যূনতম শুল্কায়ন মূল্য নির্ধারণের বিষয়ে সুপারিশ প্রণয়নসহ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক শুল্ক মূল্য বিষয়ে অর্পিত অন্যান্য দায়িত্বও পালন করবে।
- (২) উক্ত কমিটি নিম্নরূপ ব্যবস্থাসহ প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা গ্রহণ করে সংশ্লিষ্ট পণ্যের শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর বিধানের আলোকে উৎস দেশ নির্বিশেষে আমদানি পণ্যের যৌক্তিক ন্যূনতম শুল্ক মূল্য নির্ধারণের বিষয়ে প্রস্তাব প্রণয়ন করবে:
  - (ক) সংশ্লিষ্ট পণ্যের নমুনা/ক্যাটালগ/লিটারেচার ইত্যাদি পর্যালোচনা;
  - (খ) সংশ্লিষ্ট পণ্যের আন্তর্জাতিক বাজার মূল্য যাচাই;
  - (গ) সংশ্লিষ্ট পণ্যের স্থানীয় বাজার মূল্য যাচাই;
  - (ঘ) দেশীয় শিল্পে উৎপাদিত অভিন্ন/সমতুল্য পণ্যের উৎপাদন ব্যয় এবং বিক্রয় মূল্য যাচাই; এবং
  - (ঙ) প্রয়োজনে বিশেষজ্ঞ মতামত গ্রহণ করবে।
- (৩) কমিটি প্রয়োজনে অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে আলোচ্য কমিটিতে কো-অপ্ট করতে পারবে।

৩। এই আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর করা হবে।

মোঃ ফিরোজ শাহ আলম  
সদস্য (শুল্ক নীতি ও আইসিটি)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd